# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ আহল বাইত, সাহাবী-তাবিয়ী ও উম্মাত

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৫. মুআবিয়ার (রা) কাঁধে ইয়াযীদ: বেহেশতীর কাঁধে দোযখী

খাজা নিজামুদ্দীন আউলিয়ার নামে প্রচলিত ‘রাহাতিল কুলুব’ পুস্তকে রয়েছে, ফরীদউদ্দীন গঞ্জে শক্কর বলেন: ‘‘হযরত রাসূলে মাকবুল (ﷺ) একদিন সাহাবাদেরকে সঙ্গে নিয়ে বসেছিলেন, এমন সময় মো‘য়াবিয়া তার পুত্র এজিদকে কাঁধে নিয়ে সেখান দিয়ে যাচ্ছিলো, তাঁকে দেখে হুজুর পাক ﷺ মুচকি হেসে বললেন, ‘দেখ-দেখ, বেহেস্থির কাঁধে দুজখী যাচ্ছে।’...’’[1]

এ কথাটি যে ভিত্তিহীন বানোয়াট তা বুঝতে বেশি জ্ঞানের প্রয়োজন হয় না। ইসলামের ইতিহাস সম্পর্কে যার সাধারণ জ্ঞান আছে তিনিও জানেন যে, ইয়াযীদের জন্ম হয়েছে রাসূলুল্লাহ ﷺ-এর ইন্তেকালের প্রায় ১৪ বছর পরে।

## ফুটনোট

[1] রাহাতিল কুলুব, পৃ. ১৩০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4857

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন